

২০২৫

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : DSE-B-4

(লোকসংস্কৃতি ও লোকসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। ‘লোকসংস্কৃতি ও লোকসাহিত্য’ শব্দগুচ্ছে ব্যবহৃত ‘লোক’ শব্দটির তাৎপর্য বিষয়ে তথ্যনিষ্ঠ আলোচনা করো। লোকসাহিত্য শিল্প-সাহিত্য থেকে ভিন্ন কেন, অন্তত তিনটি কারণ উল্লেখ করে বুঝিয়ে দাও। ৫+৫

অথবা

মেয়েদের ব্রতকথায় ও ব্রত-উদযাপনে কীভাবে তাদের ঘর-সংসারের সংগ্রামের কথা ও জীবনের সাধারণ সাধ-স্বপ্ন ধরা পড়েছে, সেজ্জুতি ব্রত-র কথা মনে রেখে, বুঝিয়ে দাও। ১০

- ২। বাংলার ছেলেভুলানো ছড়াগুলিতে শিশুর জগৎকেও পুরুষের ও নারীর সমাজ-প্রচলিত ছকেই বিভাজিত করা হয়েছে।— এ বিষয়ে আলোচনা করো। ১০

অথবা

ধাঁধা-র উদ্ভব বিষয়ে গুরুত্বপূর্ণ মতবাদ প্রসঙ্গে লেখো। ১০

- ৩। বাংলা প্রবাদে আমাদের সমাজ-জীবনের গাঢ়বদ্ধ রূপ ধরা পড়েছে।— বুঝিয়ে দাও। ১০

অথবা

রূপকথা কেন লোককথারই অঙ্গ তা রূপকথা-র কয়েকটি প্রাসঙ্গিক ‘মোটيف’ আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

- ৪। বাক্কেন্দ্রিক লোকসংস্কৃতির যে-কোনো একটি রূপের পাঁচটি বৈশিষ্ট্য লেখো। ৫

অথবা

‘টাইপ’ ও ‘মোটيف’ বিষয়ে সংক্ষেপে লেখো। ৫

Please Turn Over

৫। গম্ভীরা নাচের বৈশিষ্ট্য বিষয়ে আলোচনা করো।

৫

অথবা

ছড়া ও ধাঁধা-র মধ্যে পার্থক্য নির্দেশ করো।

৫

৬। প্রকৃতিবিষয়ক বাংলা প্রবাদ সম্পর্কে সংক্ষেপে লেখো।

৫

অথবা

লালনগীতিতে মানবতার সন্ধান বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি) —

৫

(ক) মাঘমণ্ডল ব্রত

(খ) রায়বেঁশে

(গ) লোককথায় পশুকথা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো —

১×১৫

(ক) ফোকলোর শব্দটি প্রথম প্রয়োগ করেছিলেন কে?

(খ) টাইপ-মোট্রিফ পদ্ধতির সঙ্গে যুক্ত একজনের নাম জানাও।

(গ) একটি ঋতুকেন্দ্রিক ব্রতের নাম উল্লেখ করো।

(ঘ) শস্যকামনায় উদ্‌যাপিত হয়, এমন একটি ব্রতের নাম লেখো।

(ঙ) কোন ব্রতকথায় উমনো-ঝুমনোর কথা আছে?

(চ) ছড়ার ছন্দ হিসেবে মূলত কোন ছন্দটি প্রচলিত?

(ছ) 'খুকুমণির ছড়া' বইটির সংকলক কে?

(জ) ছৌ-নাচে কোন রসের প্রাধান্য?

(ঝ) 'সরাইকেল্লা ছৌ' কোন অঞ্চলের নাচ?

(ঞ) 'ধাঁধা' শব্দটির উৎস ও অর্থ লেখো।

(ট) 'বাংলার লোকসাহিত্য' বইটি কার লেখা?

(ঠ) 'ভাওয়াইয়া' কোন অঞ্চলের লোকগান?

(ড) 'বাংলার বাউল ও বাউলগান' বইটি কার লেখা?

(ঢ) রূপকথার একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(ণ) ছৌ-নাচের একজন বিশিষ্ট শিল্পীর নাম লেখো।